



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২০ এপ্রিল ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

রুমায় সেনা ক্যাম্প স্থাপনের নামে পাহাড়িদের ভূমি জবরদখলের প্রতিবাদে বান্দরবান প্রেসক্লাবের সামনে ইউপিডিএফের মানববন্ধন

বান্দরবান জেলার রুমায় সেনা ক্যাম্প স্থাপনের নামে পাহাড়িদের ভূমি জবরদখলের প্রতিবাদে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) বান্দরবানে মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

আজ ২০ এপ্রিল রবিবার সকাল ১১টায় ইউপিডিএফের বান্দরবান জেলা ইউনিটের উদ্যোগে বান্দরবান প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ঘন্টাব্যাপী অনুষ্ঠিত মানববন্ধনে ইউপিডিএফের বান্দরবান জেলার প্রধান সংগঠক ছোটন কান্তি তঞ্চঙ্গ্যার সভাপতিত্বে বক্তব্য রাখেন পাহাড়ি ছাত্র পরিষদের কেন্দ্রীয় সভাপতি খুইক্যাচিং মারমা ও সহ সাধারণ সম্পাদক রূপন মারমা।

বক্তারা বলেন, রুমায় সেনা ক্যাম্প সম্প্রসারণের নামে সরকার পাহাড়িদের জায়গা-জমি জবরদখল করে তাদেরকে নিজ বসতভিটা থেকে উচ্ছেদে মরিয়া হয়ে উঠেছে। ইতিমধ্যে সরকার ৯৯৭ একর জমি জবরদখলের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারের এই সিদ্ধান্ত বাস্তবায়িত হলে রুমা উপজেলার পাল্লা মৌজা, সেংগুম মৌজা ও পাইন্দু মৌজার শত শত পাহাড়ি পরিবার উচ্ছেদের শিকার হবে। তাই সরকারের উচিত এ সিদ্ধান্ত বাতিল করা।

বক্তারা পার্বত্য চট্টগ্রামে 'পাহাড়ি ব্যাটেলিয়ন' নামে র্যাবের ইউনিট গঠনের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বলেন, দেশের এক তৃতীয়াংশ সৈন্যবাহিনী মোতায়ন থাকা সত্ত্বেও পার্বত্য চট্টগ্রামে কেন র্যাবের ইউনিট গঠন করা হচ্ছে? জায়গা-জমি বেদখল ও নিপীড়ন নির্যাতনের বিরুদ্ধে পাহাড়ির জনগণের ন্যায্য আন্দোলন বলপ্রয়োগের মাধ্যমে দমনের জন্যই সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। পার্বত্য চট্টগ্রামে র্যাব-এর ইউনিট গঠন করা হলে শান্তি প্রতিষ্ঠার বদলে রাষ্ট্রীয় খুন-খারাবির মাত্রা বেড়ে যাবে বলেও বক্তারা আশঙ্কা প্রকাশ করেন।

বক্তারা অবিলম্বে রুমায় ৯৯৭ একর জমি জবরদখল ও পার্বত্য চট্টগ্রামে র্যাব ইউনিট গঠনের সিদ্ধান্ত বাতিল করা, পাহাড়িদের নিজ ভূমি থেকে উচ্ছেদ প্রক্রিয়া বন্ধ করা এবং পাহাড়িদের প্রথাগত ভূমি অধিকারের স্বীকৃতি দেওয়ার দাবি জানান। অন্যথায় এলাকার জনগণকে সাথে নিয়ে বৃহত্তর আন্দোলন কর্মসূচি ঘোষণার হুঁশিয়ারী উচ্চারণ করেন।

বার্তা প্রেরক

শুদ্ধমনি তঞ্চঙ্গ্যা

সদস্য

ইউপিডিএফ

বান্দরবান জেলা ইউনিট।